দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৩৮/২০২৫ তারিখঃ ০৯/০৭/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র নং: ৫/কা:হা:চট্ট:/আই.জি.এম/৫৬/বিবিধ/২০২৫ /৪৮২৩৪(৩), তারিখঃ ২৬/০৬/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম**
Web: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

## অফিস আদেশ

আদেশ নং-১০ তারিখঃ ২৬/০৬/২০২৫ খ্রি.।

বিষয়ঃ সমুদ্র/নদীপথে আগত জাহাজের কার্গো ঘোষণা এবং কার্গো ঘোষণায় সংশোধন পদ্ধতি।

সূত্র ঃ (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৩১.২৩/৩৩৫ তারিখ: ১৮/০৬/২০২৫ খ্রি.
(২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৩০-আইন/২০২৫/২৫ কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৫ খ্রি.
(৩) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২৭/২০২৪/কাস্টমস, তারিখ: ০৩/০৬/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বিদেশ হতে আগত আমদানি, ট্রানজিট ও যাত্রীর কার্গো ঘোষণা দাখিল এবং কার্গো ঘোষণা সংশোধনের পদ্ধতি বিষয়ে সূত্রোক্ত ২ নং প্রজ্ঞাপনটি জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনটি আগামী ২৯ জুন, ২০২৫ খ্রি. তারিখে কার্যকর হবে বিধায় এ বিষয়ে পূর্বে জারিকৃত এস.আর.ও নং:৫৪-আইন/২০২৪/০৯/কাস্টমস্, তারিখ: মার্চ ১৪, ২০২৪ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত ৩ নং আদেশটি আগামী ২৯ জুন, ২০২৫ খ্রি. তারিখ হতে নির্দেশক্রমে বাতিল করা হয়।

০৩। এসআরও এস, আরও নং-২৩০-আইন/২০২৫/২৫/কাস্টমস তারিখ: ২৯/০৫/২০২৫ খ্রি. কার্গো ঘোষণা দাখিল এবং সংশোধনের বিষয়ে নিম্নেবর্ণিত পদ্ধতি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

বাংলাদেশে আগমনকারী যানবাহনের কার্গো ঘোষণা দাখিল পদ্ধতি:
বাংলাদেশের বাহির হতে বাংলাদেশে আগমন করিবে এইরূপ সকল যানবাহনের ক্ষেত্রে বাংলাদেশে আগমনের উদ্দেশ্যে বিদেশস্থ সর্বশেষ বন্দর ত্যাগের পূর্বেই কার্গো ঘোষণাকারী কর্তৃক ইলেকট্রনিক পদ্ধতিতে কাস্টমস্ কম্পিউটার সিস্টেমে নির্ধারিত ফরমে কার্গো ঘোষণার প্রথম অংশ দাখিল করতে হবে, যা জেনারেল সেগমেন্ট (General Segment) হিসেবে বিবেচিত হবে; এবং তৎপরবর্তীতে উক্তরূপ তথ্যের সাথে সামঞ্জস্য রেখে ওয়েবিল সেগমেন্ট (Waybill Segment) এবং কন্টেইনার বা কনসাইনমেন্ট সেগমেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এ তথ্য দাখিল করতে হবে।

তবে শর্ত থাকে যে, ব্রেক বাল্ক কার্গো, স্ক্র্যাপ জাহাজ এবং ওয়েল ট্যাঙ্কারের মাধ্যমে পণ্য আমদানির ক্ষেত্রে জাহাজ বা নৌযান বাংলাদেশে আগমনের পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে কার্গো ঘোষণা দাখিল করা যাবে।

কার্গো ঘোষনা সংশোধন ও সম্পূরক কার্গো ঘোষণা দাখিল;

(১) দাখিলকৃত কার্গো ঘোষণা সংশোধন বা সম্পূরক কার্গো ঘোষণা প্রদানের প্রয়োজন হলে কার্গো ঘোষণা **রেজিস্ট্রেশনের ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে** সংশ্লিষ্ট যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি (person-in-charge) অথবা তাহার পক্ষে উক্ত যানবাহনের মালিক অথবা তাহার মনোনীত এজেন্ট বা পরিচালনাকারী **'ফরম-গ'** অনুযায়ী কমিশনার অব কাস্টমস্ বা সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের দপ্তর প্রধান অথবা তৎকর্তৃক মনোনীত অন্য কোনো কাস্টমস্ কর্মকর্তার নিকট আবেদন দাখিল করিবেন।

**(২) কার্গো ঘোষণা সংশোধন এবং সম্পূরক কার্গো ঘোষণা প্রদানের আবেদনের ফিস বাবদ ২ (দুই) হাজার টাকা A-চালানে (কোড নং-১৪৪১২৯৯) জমা প্রদান পূর্বক চালানের মূলকপি সংশ্লিষ্ট আবেদনের সহিত আবশ্যিকভাবে সংযোজন করিতে হইবে।**

**(i) কার্গো ঘোষণার নিম্নবর্ণিত ত্রুটিসমূহ করণিক ত্রুটি হিসাবে বিবেচিত হইবে এবং এইরূপ করণিক ত্রুটিসমূহ সংশোধনের আবেদনসমূহ কার্গো ঘোষণার সহিত সংশ্লিষ্ট শাখার অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস্ পর্যায়ে নিষ্পত্তিযোগ্য হইবে, যথা :-**

(ক) বিল অব লেডিং বা এয়ারওয়ে বিলের ধরন (Type) (MSB এর স্থলে HSB বা HSB এর স্থলে MSB হইলে);
(খ) BL Nature Code (22,23);
(গ) DG(null) বা Non-DG এর স্থলে DG হইলে;
(ঘ) Shipper name;
(ঙ) Package Code (PK, CT, RO, VR);
(চ) Gross Weight -এ সংখ্যাগত বা করণিক ত্রুটি হইলে (Quantity অপরিবর্তিত থাকিলে বা বৃদ্ধি পাইলে) (যেমন, ৯৬ এর স্থলে ৬৯ বা ১০০ এর স্থলে ১০০০);
(ছ) কন্টেইনার বা যানবাহনের Prefix Number উলট পালট্ হইলে;
(জ) কন্টেইনারের ধরণ LCL এর স্থলে FCL বা FCL এর স্থলে LCL হইলে;
(ঝ) কন্টেইনারের সিল নম্বর বা যানবাহনের নম্বর বা ফ্লাইট নম্বরের ক্ষেত্রে ২ সংখ্যা পর্যন্ত উলট্-পালট্ বা এন্ট্রি কম বা বেশি হইলে বা বাদ পড়িলে;
(ঞ) Notify & Consignee Null হলে, কিন্তু নাম ও ঠিকানা সঠিক থাকিলে;
(ট) কন্টেইনার সাইজ ২০ ফিট এর স্থলে ৪০ ফিট হইলে;

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

(ঠ) Notify এর স্থলে Consignee বা Consignee এর স্থলে Notify হইলে;
(ড) প্রতিষ্ঠানের নামের স্থলে ঐ প্রতিষ্ঠানেরই সহযোগী কোনো প্রতিষ্ঠান Notify হইলে;
(ঢ) Quantity-তে সংখ্যাগত বা করণিক ত্রুটি হইলে (ওজন অপরিবর্তিত থাকিলে বা বাড়িলে);
(ণ) পোর্ট অফ লোডিং (port of loading) বা পোর্ট অফ অরিজিন (port of Origin) এর পরিবর্তন।

**(ii) কার্গো ঘোষণার নিম্নরূপ ত্রুটিসমূহ গুরুতর ত্রুটি হিসাবে বিবেচিত হইবে এবং এইরূপ ত্রুটিসমূহ সংশোধনের আবেদন সংশ্লিষ্ট কাস্টমস্ স্টেশনের দপ্তর প্রধান পর্যায়ে নিষ্পত্তিযোগ্য হইবে, যথা :-**

(ক) Notify & Consignee BIN;
(খ) DG এর স্থলে Non-DG (তবে পরিবর্তনের জন্য নৌবাহিনীর অনাপত্তি লাগিবে);
(গ) Assessment সম্পাদনের পরবর্তীতে যে কোনো সংশোধন;
(ঘ) BL Write-off (ROB এবং Transhipment) অথবা যে কোনো পণ্যচালান ফেরত চলিয়া গেলে;
(ঙ) Gross weight হ্রাস পাইলে বা পরিবর্তন হইলে (করণিক ত্রুটি ব্যতীত);
(চ) Description of Goods পরিবর্তন হইলে;
(ছ) Container Status FCL part হইতে LCL হইলে;
(জ) Container Number সম্পূর্ণ ভুল হইলে;
(ঝ) Quantity হ্রাস পাইলে বা পরিবর্তন হইলে (করণিক ত্রুটি ব্যতীত);
(ঞ) কন্টেইনারের সিল নম্বর বা যানবাহনের নম্বর বা ফ্লাইট নম্বরের ক্ষেত্রে ২ সংখ্যার বেশি পর্যন্ত উলট-পালট বা এন্ট্রি কম বা বেশি হইলে বা বাদ পড়িলে;
(ট) প্লেস অব আনলোডিং (Place of unloading) বা প্লেস অব ডেসটিনেশন (Place of Destination) এর পরিবর্তন হইলে;
(ঠ) কন্টেইনার সাইজ ৪০ ফিট এর স্থলে ২০ ফিট হইলে;
(ড) পণ্যচালানের মূল্য (Value) পরিবর্তন হইলে।

(৪) উপবিধি (i) ও (ii) এ উল্লেখ করা হয় নাই এইরূপ কোনো সংশোধন প্রয়োজন হইলে আবেদনকারীর আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ বা উক্ত কাস্টমস্ স্টেশনের দপ্তর প্রধান উহার প্রকৃতি (করণিক বা গুরুতর) নির্ধারণ করিতে পারিবে এবং তদনুযায়ী নিষ্পত্তি করিতে পারিবে।

(৫) উপবিধি (i) এ উল্লিখিত করণিক ত্রুটির ক্ষেত্রে জরিমানা আরোপ ব্যতীত সংশোধনের সুযোগ প্রদান করা যাইবে এবং উপবিধি (৪) এ উল্লিখিত গুরুতর ত্রুটির জন্য যথাযথ ন্যায় নির্ণয়নকারী কর্তৃপক্ষ কর্তৃক ন্যায় নির্ণয়ন করিতে হইবে।

(৬) কোনো গুরুতর ত্রুটি সংশোধনের জন্য আবেদন করা হইলে উক্ত পণ্যচালানটি শতভাগ কায়িক পরীক্ষা করিয়া শুল্কায়নযোগ্য মূল্য, কান্ট্রি অব অরিজিন এবং শ্রেণিবিন্যাস সম্পর্কে যথাযথ অনুসন্ধান পূর্বক শুল্কায়ন সম্পন্ন করিতে হইবে;
তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে কমিশনার অব কাস্টমস্ যৌক্তিক কারণ লিপিবদ্ধ করিয়া শতভাগ কায়িক পরীক্ষার শর্তটি বিশেষ ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

(৭) আমদানিকারকের বা রপ্তানিকারকের নাম পরিবর্তনের ক্ষেত্রে কার্গো ঘোষণায় উল্লিকিত আমদানিকারকের বা রপ্তানিকারকের অনাপত্তিপত্র ও সংশোধনীর মাধ্যমে যেই আমদানিকারকের নাম অন্তর্ভূক্ত হইবে তাহার সম্মতিপত্র থাকিতে হইবে।

(৮) কার্গো ঘোষণায় বর্ণিত আমদানিকারক এবং সংশোধনীর মাধ্যমে যে আমদানিকারকের নাম অন্তর্ভূক্ত হইবে বা প্রযোজ্য ক্ষেত্রে, উভয়ই অন্য কোনো পণ্যচালান ছাড়করণে স্থগিতাদেশ রহিয়াছে কি না বা ১(এক) মাসের অধিককাল ধরিয়া উহাদের কাহারও কোনো পণ্য ঘোষণা অনিষ্পন্ন রহিয়াছে কি না, বা উহাদের কাহারও বিরুদ্ধে কাস্টমস্ আইন, ২০২৩ এর ধারা ২৩৮ অনুসারে সরকারি পাওনা আদায়ের নো কার্যক্রম চলমান রহিয়াছে কি না তাহা নিশ্চিত হইতে হইবে এবং এই ধরনের তথ্য প্রাপ্ত হইলে কমিশনার বা তৎ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কাস্টমস্ কর্মকর্তা শুনানি গ্রহণ পূর্বক আইনানুগ পদ্ধতিতে উহা প্রথমে নিষ্পত্তি করিবেন এবং অতঃপর সংশোধন আবেদন বিবেচনা করিবেন।

(৯) প্রতিটি কার্গো ঘোষণা সংশোধন আবেদনপত্রের সহিত শিপিং এজেন্ট বা ফ্রেইট ফরওয়ার্ডার্স বা উড়োজাহাজ কর্তৃপক্ষ বা যানবাহনের ভারপ্রাপ্ত ব্যক্তি বা তাহার পক্ষে যানবাহনের মালিক বা পরিচালনাকারী বা তাহার এজেন্টের (যেই ক্ষেত্রে যেইটি প্রযোজ্য) এবং সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে এবং এলসি বিহীন অর্থাৎ সরাসরি অর্থ পরিশোধের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে আমদানি-রপ্তানি নীতি আদেশ এ বর্ণিত বিধান প্রতিপালিত হইয়াছে কিনা উহা যাচাই করিয়া আইনানুগভাবে নিষ্পত্তি করিতে হইবে।
তবে শর্ত থাকে যে, উপবিধি (৩) এ উল্লিখিত করণিক ত্রুটির সংশোধনের ক্ষেত্রে অনাপত্তিপত্র দাখিলের প্রয়োজন হইবে না; তবে সংশোধনীর সাপেক্ষে প্রমাণক দাখিল করিতে হইবে।

(১০) কার্গো ঘোষণায় উল্লিখিত পণ্যের মূল্য সংশোধনের কোনো আবেদন প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ পণ্য সংক্রান্ত দলিলাদি অধিকতর সতর্কতা অবলম্বন করিয়া যাচাইপূর্বক আইনানুগ নিষ্পত্তি করিবেন।

(১১) **দন্ড (১) কার্গো ঘোষণা দাখিল বা সংশোধনের ক্ষেত্রে কোনো গুরুতর ত্রুটি বা অবহেলা সংঘটিত হইলে উহা আইনের ধারা ১৭১ এর টেবিলের ক্রমিক নং-১১ অনুযায়ী শাস্তিযোগ্য হইবে। কাস্টমস্ আইন, ২০২৩ এর আইনের ধারা ১৭১ এর টেবিলের ক্রমিক নং-১১ অনুযায়ী দন্ডের পরিমাণ অনধিক ২ (দুই) লক্ষ টাকা।**

(১২) এই আদেশ জনস্বার্থে জারী করা হলো। যা ২৯/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।
সংযুক্তি : আবেদন ফরম 'গ'

স্বাঃ/
(মোঃ জাকির হোসেন)
কমিশনার অব কাস্টমস (চলতি দায়িত্ব)
তারিখ: ২৬/০৬/২০২৫ খ্রি.।

নথি নং: ৫/কাঃহাঃচট্ট/আই.জি.এম/৫৬/বিবিধ/২০২৫/৪৮২৩৪(৩)